একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
## মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/পরি/ ফাজিল (স্নাতক) পাস বি.এ স্তর প্রা.পা/২০২৫/১৫৩৭৭ তারিখ: ২৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

ফাজিল (স্নাতক) পাস বিএ স্তর প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে সাগরনাল সিনিয়র আলিম মাদরাসা (SHAGARNAL SENIOR ALIM MADRASAH, EIIN: 129669), জুড়ী, মৌলভীবাজার-এর অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির অনুচ্ছেদ ১৩(গ) অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ৩য় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ ১৩(ঙ) মোতাবেক নিম্নোক্ত শর্তে ১০.১১.২০২৫ খ্রিষ্টাব্দ থেকে ১১.১১.২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ফাজিল (স্নাতক) পাস বিএ স্তর প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো ঃ

শর্তসমূহ:

১. ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে ফাজিল (স্নাতক) বিএ স্তরের কার্যক্রম চালু হবে;
২. ফাজিল বিএ স্তরের জন্য আলাদা ফান্ডের ব্যবস্থা গ্রহণ করাসহ শিক্ষার মানোন্নয়নের জন্য মাদরাসায় হোস্টেল ব্যবস্থা থাকতে হবে এবং মাদরাসার অভ্যন্তরের মাঠটি শিক্ষার্থীদের খেলাধুলার জন্য উপযোগী করতে হবে;
৩. লাইব্রেরিতে বই পড়ার মনোরম পরিবেশ তৈরি করতে হবে এবং লাইব্রেরিতে ফাজিল স্তরের জন্য প্রয়োজনীয় সংখ্যক রেফারেন্স বই থাকতে হবে;
৪. মাদরাসার সীমানা নির্ধারণ করত: সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে এবং অধ্যক্ষ ও উপাধ্যক্ষের জন্য আলাদা কক্ষের ব্যবস্থা করতে হবে;
৫. একক স্বাক্ষরে কোনো কেনাকাটা করা যাবে না। আর্থিক সকল কার্যক্রম ব্যাংকের মাধ্যমে করত: ক্যাশ-কলামনার বই, বিল ভাউচারগুলো যথাযথভাবে পূরণ ও সংরক্ষণসহ প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে এবং রিজার্ভ ফান্ডে অর্থের পরিমাণ বৃদ্ধি করতে হবে;
৬. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি তাদেরকে কো-কারিকুলার একটিভিটিজ তথা কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৭. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
৮. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন ও সিসি টিভি ও ডিজিটাল হাজিরার ব্যবস্থা করতে হবে;
৯. প্রত্যেক শ্রেণির শিক্ষার্থীর জন্য ড্রেস কোড ও আইডি কার্ডের ব্যবস্থাগ্রহণ করতে হবে এবং ক্লাসে শিক্ষার্থীদের মূল কিতাব পড়াতে হবে;
১০. মেয়ে শিক্ষার্থীদের জন্য আলাদা ওয়াশরুম, কমনরুম ও নামাজের ব্যবস্থা করতে হবে;
১১. ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ব্যক্তিগত ফাইল ও ছুটির আবেদনপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
১২. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

14/01/2026
(মোহাম্মদ শরীফুল ইসলাম)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
সাগরনাল সিনিয়র আলিম মাদরাসা
জুড়ী, মৌলভীবাজার।

স্মারক নং- ইআবি/পরি/ ফাজিল (স্নাতক) পাস বি.এ স্তর প্রা.পা/২০২৫/১৫৩৭৭ তারিখ: ২৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। সভাপতি, সাগরনাল সিনিয়র আলিম মাদরাসা, জুড়ী, মৌলভীবাজার।
৭। অফিস নথি।

14/01/2026
(মোহাম্মদ শরীফুল ইসলাম)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়